শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 CERTIFIED

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

RAJSHAHI PALLI BIDYUT

মুজিব ১০০

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।
ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০
E-mail- rajpbshq@gmail.com
Web- www.pbs.rajshahi.gov.bd

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০২.০০৮.২৩. ২৪৮৫

তারিখঃ ২১ আষাঢ়, ১৪৩০ বং: / ০৫ জুলাই, ২০২৩ খ্রি:

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এ বিলিং সুপারভাইজার শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	বিলিং সুপারভাইজার	পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	ক) প্রার্থীকে বিলিং সহকারী পদে নিয়মিতভাবে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার ও অফিসের অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালন ও রক্ষণাবেক্ষণে সক্ষম হতে হবে। গ) প্রার্থীকে প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩০ শব্দ এবং বাংলায় ১০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) পদোন্নতির ক্ষেত্রে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে। ঙ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে। চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। ছ) রাজশাহী পবিস এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে। জ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে ।

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ১৫-০৭-২০২৩খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নওহাটা রাজশাহী এ স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২। **আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।

(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রের অনুলিপি।

(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের অনুলিপি।

(চ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

(ছ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(জ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তির সনদ এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে / না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২

৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবে না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবে না।

৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চাকুরী বিধি অনুযায়ী চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

৫। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়।তবে রাজশাহী পবিসের ভৌগলিক এলাকার প্রার্থীগণের আবেদনের প্রয়োজন নেই।

৭। ইতোপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস চাকুরী বিধি ১৯৯২(সংশোধিত-২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ সহ বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার প্রতিপালন করা হবে।

৯। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় (First Blood) কারো আবেদন করার প্রয়োজন নাই।

১০। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবেনা।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫/৭/২

(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, রাজশাহী ।
০৬। ডিজিএম, সদর-কারিঃ/দূর্গাপুর/কাকনহাট/মোহনপুর/তানোর জোনাল অফিস, রাজশাহী পবিস।
০৮। এজিএম, অর্থ-হিসাব/প্রশাসন//এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, রাজশাহী পবিস।
০৯। এজিএম (আইটি),রাজশাহী পবিস। **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০। নোটিশ বোর্ড, রাজশাহী পবিস।
১১। অফিস কপি/মাস্টার কপি ।

৫/৭/২

(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার